



পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
প্রধান কার্যালয়, নলকা, সিরাজগঞ্জ
পাইপলাইন মেইনটিন্যান্স শাখা
ফোনঃ ০২৫৮৮৮৩১৪৪২, তথ্য বাতায়নঃ
পিজিসিএল.বাংলা

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০৬৭.৪২.০০১.২১.৩৯

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯

৩০ জুন ২০২২

বিষয়: **6 inch dia x 60 psig x 2540 Meter Gas Distribution Pipeline Removal and Reconstruction Works of Rajshahi Mohanagorir Kolpona cinema Hall To Talaimari Mour** শীর্ষক কাজের টাই-ইন ও গ্যাস কমিশনিং কাজে গ্যাস সরবরাহ বন্ধ রাখা প্রসঙ্গে।

মহোদয়

শীর্ষক বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের ডিপোজিটরী ফান্ডের অর্থায়নে রাজশাহী আঞ্চলিক কার্যালয়-এর আওতাধীন তালাইমাড়ি মোড় হতে কল্লনা সিনেমা হল মহাসড়কটি চারলেনে প্রশস্তকরণ কাজের ফলে রাজশাহীস্থ তালাইমাড়ি মোড় হতে কল্লনা সিনেমা হল পর্যন্ত বিদ্যমান ৬০ Psig চাপের ৬" ডায়া ২৫৪০ মিটার পাইপলাইন স্থানান্তর/পুনঃস্থাপনের প্রয়োজন হয়। কোম্পানী কর্তৃক চুক্তিবদ্ধ ঠিকাদারের মাধ্যমে ৬০ Psig চাপের ৬" ডায়া ২৫৪০ মিটার পাইপলাইনটি চারলেনের পার্শ্ব ড্রেনের বাইরে নতুন এলাইমেন্টে পুনঃস্থাপন করা হয়েছে। পুনঃস্থাপিত পাইপলাইনের চাপ পরীক্ষণ ইতোমধ্যে সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। পুনঃস্থাপিত পাইপলাইনে গ্যাস প্রবাহের জন্য গ্যাস নেটওয়ার্কের বিদ্যমান পাইপলাইনের সাথে Tie-in ও বিদ্যমান গ্রাহক সংযোগ কাজ সম্পাদন করা প্রয়োজন। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত নেটওয়ার্কের পুরাতন ২৫৪০ মিটার ৬ ইঞ্চি ব্যাসের ৬০ পিএসআইজি চাপের গ্যাসলাইন অংশটি তদসময় হতে পরিত্যক্ত হিসাবে গণ্য করা হবে।

আলোচ্য Tie-in ও বিদ্যমান গ্রাহক সংযোগ কাজ সম্পাদনের লক্ষ্যে-

উক্ত টাই-ইন কাজ সম্পাদনে রাজশাহীর তালাইমাড়ি মোড় হতে কল্লনা সিনেমা হল আনুমানিক ২.৫০ কিঃমিঃ এলাকায় গ্যাস সরবরাহ আগামী ০১/০৭/২০২২ইং তারিখ রোজ শূক্রবার রাত ৮.০০ ঘটিকা হতে ০২/০৭/২০২২ইং তারিখ রোজ শনিবার ভোর ৬.০০ ঘটিকা পর্যন্ত সাময়িকভাবে বন্ধ রাখা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, বর্ণিত ২.৫০ কিঃমিঃ নেটওয়ার্কে শুধুমাত্র ৩০-৩৫টি আবাসিক শ্রেণির গ্রাহক বিদ্যমান। উক্ত গ্যাস লাইনটি ডিপ্রেসারাইজ করে টাই-ইন কাজ সম্পাদন শেষে গ্যাস কমিশনিং করে বর্ণিত লাইনে বিদ্যমান গ্রাহকদেরকে নতুন লাইন হতে পরবর্তী ৩-৪ দিনের মধ্যে গ্যাস সংযোগ প্রদান করা হবে। Tie-in কাজটি সম্পাদনের লক্ষ্যে প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা ও সোস্যাল নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

গ্যাস সরবরাহ সাময়িক বন্ধ থাকার বিষয়টি রাজশাহী আঞ্চলিক কার্যালয় মাইকিং মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাহকদেরকে অবহিত করবেন। আলোচ্য Tie-in কাজে উক্ত গ্যাস লাইনদ্বয় ডিপ্রেসারইজ করে টাই-ইন কাজ সম্পাদন শেষে দ্রুততম সময়ে গ্যাস সরবরাহ করা হবে।

বিষয়টি সদয় অবহিত করা হল।



৩০-৬-২০২২

মোঃ আব্দুল মান্নান পাটওয়ারী

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২৫৮৮৮৩১৪৫৩

ইমেইল: md@pgcl.org.bd

পরিচালক (অপারেশন এন্ড মাইন্স)

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন

(পেট্রোবাংলা)

স্মারক নম্বর: ২৮.১৮.০০০০.০৬৭.৪২.০০১.২১.৩৯/১(৬)

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৯

৩০ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ২) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), বিপণন ডিভিশন, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ৩) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), রাজশাহী সেলস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ৪) উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিপার্টমেন্ট, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ৫) ব্যবস্থাপক, জিএমআরএস কন্সট্রাকশন অ্যান্ড মেইনটিন্যান্স শাখা, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
- ৬) উপ-ব্যবস্থাপক, রাজশাহী রিজিওনাল অফিস, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড



৩০-৬-২০২২

শৈলজা নন্দ বসাক

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)